
তারিখ 15 NOV 2016
পৃষ্ঠা ১৩ কলাম ৫৬

দৈনিক
ইত্তেফাক



খুলনা: কমরেড রতন সেন কলেজিয়েট গার্লস স্কুলের ষষ্ঠ শ্রেণির ক্ষুদে শিক্ষার্থীরা হাতে-কলমে স্থাপত্য শিক্ষা গ্রহণ করে -ইত্তেফাক

# খুবির স্থাপত্য ডিসিপ্লিনের কমিউনিটি আউটরিচ প্রোগ্রামের মাধ্যমে প্রশিক্ষণ

■ খুলনা অফিস

খুলনা বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য ডিসিপ্লিনের উদ্যোগে 'কমিউনিটি আউটরিচ প্রোগ্রাম'-এর মাধ্যমে রূপসা উপজেলার প্রত্যন্ত গ্রামের কমরেড রতন সেন কলেজিয়েট গার্লস স্কুলের ষষ্ঠ শ্রেণির ৫২ জন ক্ষুদে শিক্ষার্থীকে স্থাপত্য বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

গত রবিবার দিনব্যাপী বিশ্ববিদ্যালয়ের ড. সত্যেন্দ্রনাথ বসু একাডেমিক ভবনের স্থাপত্য ডিসিপ্লিনে প্রথম ও দ্বিতীয় বর্ষের শিক্ষার্থীরা ক্ষুদে এ শিক্ষার্থীদের প্রশিক্ষণ দেন।

খুবির স্থাপত্য ডিসিপ্লিন সূত্র জানায়, এ ধরনের কমিউনিটি নির্ভর প্রোগ্রামগুলো একইসাথে ক্ষুদে শিক্ষার্থীদের টিচিং, লার্নিং ও রিসার্চকে সমৃদ্ধ করবে। এছাড়া, স্থাপত্য ডিসিপ্লিনের কাজের ধারা, উদ্দেশ্য, লেখাপড়ার পদ্ধতি, নতুন নতুন চিন্তাধারার সঙ্গে সংযুক্তির সুযোগ সবকিছুই ছোট ছোট শিক্ষার্থীদের ভবিষ্যতে নিজেকে এবং দেশকে সামনে এগিয়ে নিয়ে যাবার অনুপ্রেরণা হিসেবে কাজ করবে।

স্থাপত্য ডিসিপ্লিনের শিক্ষার্থীরা এ প্রোগ্রামে দিনব্যাপী ছোট ছোট গ্রুপে বিভক্ত হয়ে স্থাপত্য সম্পর্কিত বিভিন্ন ধারণা নিয়ে স্কুলের শিক্ষার্থীদের সাথে কাজ করে। তাদের জন্য আয়োজিত ডিসিপ্লিনের প্রদর্শনী নতুন অনুপ্রেরণা হিসেবে কাজ করবে। ভবিষ্যতে স্থাপত্য ডিসিপ্লিন এ ধরনের অনুষ্ঠান ধারাবাহিকভাবে পরিচালনা করবে। এ সময় উপস্থিত ছিলেন বিজ্ঞান প্রকৌশল ও প্রযুক্তিবিদ্যা স্কুলের ডিন প্রফেসর ড. মো. রেজাউল হক, ডিসিপ্লিন প্রধান প্রফেসর ড. অনির্বাণ মোস্তফা, আইকিউএসির পরিচালক প্রফেসর ড. রেজাউল করিম, আইকিউএসির অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোহাম্মদ জিয়াউল হায়দার, প্রফেসর ড. মো. মনিরুল ইসলাম এবং সংশ্লিষ্ট ডিসিপ্লিনের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ ও কমরেড রতন সেন কলেজিয়েট গার্লস স্কুলের শিক্ষকবৃন্দ।